

বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত



গত ৬ই মে রবিবার বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইনক আয়োজন করেছে বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী।

রকডেল পাবলিক স্কুলের হল রুমে অনুষ্ঠিত এই আয়োজনের ছিল ৩টি পর্ব। প্রথম পর্বে ছিল আলোচনা অনুষ্ঠান, ২য় পর্বে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণী এবং ৩য় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান।

সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো'র সভাপতিত্বে আলোচনা সভায় প্র ধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন John Frederick Flowers MP Member of parliament for Rockdale বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রকডেল সিটি কাউন্সিলের মেয়র Mr Bill Saravinovski Mayor, Rockdale City Council

অনুষ্ঠানের শুরু হয় সোসাইটির সাধারণ সম্পাদক জনাব সাজাদ আফাজ এর স্বাগত বক্তব্যের মাধ্যমে। স্কুলের অভিভাবকদের পক্ষ থেকে বক্তব্য রেখেছেন মেজর শফিক সেলিম। স্কুলের বিভিন্ন বিষয়গুলো তুলে ধরে বক্তব্য রেখেছেন স্কুলের প্রিন্সিপ্যাল ড: মোহাম্মদ হাবিব উল্লাহ। সাংগঠনিক বক্তব্য রাখেন সহ-সভাপতি জনাব নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্যে রকডেল সিটি কাউন্সিলের মেয়র Bill Saravinovski ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সোসাইটির সকল নেতা ও স্কুলের চিচারদের অভিনন্দন জানান ও স্কুলের কাজের প্রশংসা করেন। তিনি এই ধরনের কাজে সকল প্রকার সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

প্র ধান অতিথির বক্তব্যে John Frederick Flowers MP সোসাইটির সকলকে আন্তরিক ভাবে অভিনন্দন ও প্রশংসা জানিয়েছেন। মাল্টি-কালচার চর্চাকে এগিয়ে নিতে তিনি সকলকে আহবান জানান এবং এই কাজে তিনি সবসময়ই সোসাইটির সাথে আছেন বলে অঙ্গিকার করেন।

সভাপতির বক্তব্যে জনাব শহীদুজ্জামান আলো উপস্থিত অতিথিবন্দদের আগমনের জন্য এবং উৎসাহ দেবার জন্য ধন্যবাদ জানান। সোসাইটির ৭ম প্রতিষ্ঠা বার্ষিকীতে স্মরণিকা প্রকাশে প্রচার-প্রকাশনা সম্পাদক ইমতিয়াজ আহমেদ কে, সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য সাংস্কৃতিক সম্পাদক জনাব জামাল আহমেদ ও স্কুলের মিউজিক চিচার ঝুমু কে, মঞ্চ সজ্জাতে স্কুলের ড্রাইং চিচার দীপা ইসলামকে এবং সার্বিক কাজের জন্য যিনি যে ভাবেই সহযোগিতা করেছেন বিশেষ করে বলিষ্ঠ এবং শ্রেষ্ঠ কমিটির সকলকে আন্তরিক ভাবে কৃতজ্ঞতা জানিয়েছেন।

২য় পর্বে স্কুলের ছাত্র-ছাত্রীদের মাঝে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করেন প্র ধান অতিথি।

John Frederick Flowers MP এবারের প্রতিযোগিতার বিষয় ছিল বাংলা এবং আরবি।
প্রতিযোগিতায় যারা ১ম, ২য় ও ৩য় হয়ে পুরস্কার পেয়েছে:

বাংলা: গ্রুপ (ক) ১ম নেহাল নাফসি, ২য় শাফায়াত হায়াত, ৩য় ইশায়াত হায়াত
গ্রুপ (খ) ১ম জায়না ইসলাম, ২য় আরিয়ানা আহমেদ, ৩য় নিয়াজ আহমেদ।

আরবী: গ্রুপ (ক) ১ম আবিদ উজ্জামান, ২য় আরিয়ানা আহমেদ, ৩য় ইশায়াত হায়াত
গ্রুপ (খ) ১ম মোঃ মুনাদ হুদা, ২য় তাজওয়ার সেলিম, ৩য় যৌথভাবে নেহাল নাফসি ও সানজানা
সামিরা।

অনুষ্ঠানের ৩য় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। এই পর্বে যারা অংশ গ্রহণ করেছেন: নৃত্য: অর্পিতা,
পাভানা, নুসাইবা, সানজানা ও তাজরি। সংগীত পরিবেশনায়: ঝুমু, পাপিয়া, তাজরি, কঢ়পাই, আরিয়ানা,
জায়না, অন্তরা, আবিদ, নাফি, শাফি, সাহিবা, সেদাথ, সানজানা, তৃদি, নোরা, প্রতৃয়, প্রানজল, মুনাদ
ও সেণহ। স্বরচিত কবিতা আবৃত্তি করেছেন কবি হায়াত মাহমুদ। তবলায় ছিলেন মাকসুমুল আহসান।

পুরো অনুষ্ঠানটি সাবলীল ভাবে উপস্থাপনা করেছে নাজিয়া ও আসিফ। শব্দ নিয়ন্ত্রণে রাজিব।
দিনের শেষে ছিল আকর্ষণীয় রাতের খাবারের আয়োজন।

